

**2021/TDC/CBCS/ODD/
BNGAEC-101T/361**

**TDC (CBCS) Odd Semester Exam., 2021
held in March, 2022**

BENGALI

(1st Semester)

Course No. : BNGAEC-101T

(সংযোগের রূপ, রীতি ও প্রয়োগ)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো পনেরোটি প্রশ্নের নির্দেশানুসারে অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১৫=১৫

১। ফুটবল খেলার মাঠে রেফারি কর্তৃক কোনো খেলোয়াড়কে
লাল কার্ড প্রদর্শন কী ধরনের সংযোগ ?

২। 'সংলাপ'-এর ইংরেজি প্রতিশব্দ 'Dialogue' কোন্ ভাষা
থেকে এসেছে ?

- ৩। বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :
- (ক) Monologue
- (খ) Participation
- ৪। শুদ্ধ উত্তরটি লেখো :
- সাক্ষাৎকার সাধারণত (মৌখিক/লেখ্য) রূপে হয়ে থাকে।
- ৫। 'নথি'র ইংরেজি পরিভাষা কী?
- ৬। যে সমস্ত নথিপত্র মাঝে মাঝে প্রশাসনিক কাজে ব্যবহৃত হয় তাকে কী নথি বলে?
- ৭। প্রতিবেদন যিনি লেখেন তাঁকে কী বলা হয়?
- ৮। প্রতিবেদন রচনার একটি উদ্দেশ্য উল্লেখ করো।
- ৯। মাইকেল মধুসূদন দত্তের স্মগ্রামে প্রবাহিত নদীটির নাম কী?
- ১০। 'বীরাম্পনা' কাব্যের সর্গ সংখ্যা কত?

- ১১। সোমের গুরুপত্নীর নাম কী ?
- ১২। বিভীষণের দিদির নাম কী ?
- ১৩। রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা প্রথম ছোটগল্প কোনটি ?
- ১৪। ফটিকের ভাইয়ের নাম কী ?
- ১৫। শৈলবালা কে ?
- ১৬। 'দেনাপাওনা' গল্পের প্রকাশসাল কত ?
- ১৭। একটি পঞ্জিকাশ্রয়ী উৎসবের নাম লেখো।
- ১৮। 'মেলা' শব্দের অর্থ কী ?
- ১৯। শুদ্ধ উত্তরটি লেখো :
'বাঘবন্দী' (অঙ্গন/প্রাঙ্গণ)-এর খেলা।
- ২০। হেমন্ত ঋতুতে পালিত একটি উৎসবের নাম লেখো।

(4)

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

২১। একক কথনকে কোন্ দুটি ভাগে ভাগ করা যেতে পারে ?

২২। সাক্ষাৎকার কাকে বলে ?

২৩। চলিত নথির সংজ্ঞা দাও।

২৪। নথি সংরক্ষণের যে কোনো দুটি পদ্ধতির উল্লেখ করো।

২৫। মাহেশ্বরী পুরীর যুবরাজ কে ? তাঁর মাতার নাম কী ?

২৬। “প্রেম ভিখারিনি আমি তোমার চরণে
চল শীঘ্র যাই দৌঁহে, স্বর্ণ লক্ষ্যধামে—”

‘প্রেম ভিখারিনি’টি কে ? কার প্রতি তাঁর এই উক্তি ?

২৭। ‘রামকানাইয়ের নিবুদ্ধিতা’ গল্পের ‘সোনার চাঁদ ভাইপো’টি কে ?
তার পিতার নাম কী ?

২৮। “এক বাঁও মেলে না। দো বাঁও মেলে—এ-এ না...” পংক্তিটি কোন্ ছোটগল্প থেকে গৃহীত হয়েছে? গল্পটির ‘বালক সর্দার’ কে?

২৯। মেলা ও উৎসবের মধ্যে দুটি পার্থক্য লেখো।

৩০। ‘গ্রহ পরিক্রমা’-র সংজ্ঞা দাও।

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×৫=২৫

৩১। মৌখিক সংযোগের সুবিধা ও অসুবিধাগুলি আলোচনা করো।

৩২। সমবেত সংলাপে অংশগ্রহণকারীদেরকে কী কী বিষয়ে গুরুত্ব আরোপ করতে হয় সেগুলি উল্লেখ করো।

৩৩। প্রতিবেদন রচনার প্রয়োজনীয়তা সম্পর্কে তোমার সুচিন্তিত অভিমত ব্যক্ত করো।

৩৪। নিম্নলিখিত অনুচ্ছেদটির সারসংক্ষেপ প্রস্তুত করো :

শান্তির বিপরীত পৃষ্ঠপট পুরস্কার। দশের মধ্যে একের কৃতিত্বকে স্বীকৃতি দান করে পুরস্কার। পুরস্কারই তাই আপাতদৃষ্টিতে যোগ্যতার পরিমাপক নির্দেশক হিসাবে কাম্য বলে মনে করা

হয়। কৃতিত্ব ও শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য উৎসাহ-উদ্দীপনা সঞ্চারণের অনুকূল উদ্দীপকরূপে পুরস্কারের সার্থকতা তাই শাস্তির তুলনায় অনেক বেশি বাঞ্ছনীয় বলে মনে হওয়া স্বাভাবিক। এর ফলে আত্মোন্নতি ঘটে, আত্মসামর্থ্য ও যোগ্যতার পরিপূর্ণ সদ্যবহার হয়। পুরস্কার প্রাপক যেমন তার কৃতিত্বকে অব্যাহত রাখার জন্য উদগ্রীব হয়ে ওঠে, আবার না পাওয়াদের যোগ্যতা প্রকাশের মনোভাব জেগে ওঠে। এর ফলে নিঃসন্দেহে শিক্ষার সাধারণ মান উৎকর্ষের সম্ভাবনা সৃষ্টি হয়। বিদ্যালয়ে সচরাচর পরীক্ষায় সাফল্য, খেলাধুলার কৃতিত্ব এবং সচ্চরিত্রতা, নিয়মিত উপস্থিতি প্রভৃতিকে কৃতিত্ব প্রদর্শন করার জন্য পুরস্কার দেবার রীতি প্রচলিত আছে। এই প্রচলিত রীতি আবার অনেকদিক থেকেই সমালোচনার কারণ হয়েছে।

৩৫। 'সোমের প্রতি তারা' পত্রকবিতায় প্রতিফলিত 'ড্রামাটিক মনোলগ'-ধর্মিতার পরিচয় দাও।

৩৬। 'নীলধ্বজের প্রতি জনা' পত্রকবিতায় বাংসল্য রসের যে রূপ ফুটে উঠেছে তা বিশদ করো।

৩৭। 'মধ্যবর্তিনী' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৩৮। 'দেনাপাওনা' গল্পে যে সামাজিক বিষময় প্রথার পরিণতি তুলে ধরা হয়েছে তা বিশদ করো।

(7)

৩৯। তোমার নিকটবর্তী জাতীয় সড়কের দুরবস্থা বর্ণনা করে
সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

৪০। বরাক উপত্যকার গ্রামাঞ্চলে প্রচলিত 'বন্দিখেলা'টির সামগ্রিক
পরিচয় দাও।

2021/TDC/CBCS/ODD/
BNGAEC-101T/361

22J—8250/657